# চার ইমামের আকীদাহ (আবূ হানীফা, মালেক, শাফে‘ঈ ও আহমাদ ইবন হাম্বল)

বিভাগ/অধ্যায়ঃ প্রশ্ন ও উত্তর

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

প্রশ্ন: যখন তোমাকে জিজ্ঞেস করা হয় যে, আল্লাহ ছাড়া অন্যের প্রতি عبد শব্দটির সম্বন্ধ করে কারো নামকরণ করা কি বৈধ, যেমন আব্দুন নবী (নবীর বান্দা) অথবা আব্দুল হুসাইন (হুসাইনের বান্দা) প্রভৃতি নাম রাখা কি বৈধ?

উত্তর: বল, বৈধ নয়। ইমামগণ গায়রুল্লাহর বান্দা স্থির করে নাম রাখা হারাম হওয়ার ওপর একমত পোষণ করেছেন। তাই গায়রুল্লাহর বান্দা স্থিরীকৃত প্রত্যেক নাম পরিবর্তন করা ওয়াজিব। যেমন আব্দুন নবী অথবা আব্দুর রাসূল অথবা আব্দুল হুসাইন অথবা আব্দুল কাবা প্রভৃতি গায়রুল্লাহর বান্দা স্থিরীকৃত নাম। আল্লাহর নিকট সবচেয়ে প্রিয় নাম আব্দুল্লাহ ও আব্দুর রাহমান। যেমন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর হাদীসে এসেছে, “নিশ্চয় আল্লাহর নিকট সবচেয়ে প্রিয় নাম আব্দুল্লাহ ও আব্দুর রাহমান”। (সহীহ মুসলিম) অতএব যেসব নাম দ্বারা গায়রুল্লাহর বান্দা বুঝানো হয় সেগুলো পরিবর্তন করা ওয়াজিব। আর জীবিত যেসব লোকের নাম দ্বারা গায়রুল্লাহর ইবাদত স্পষ্ট হয়, এ বিধানটি সেসব লোকের নামের ক্ষেত্রে এই হুকুম।

Source — https://www.hadithbd.com/books/link/?id=9980

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন